‘মেট্রোরেলের সবকিছু ওলট-পালট করে দিয়েছে করোনা’

মহামারি করোনাভাইরাস মানুষের জীবনের মত মেট্রোরেল প্রকল্পেরও সবকিছু ওলট-পালট করে দিয়েছে বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের।

বুধবার তার সরকারি বাসভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মেট্রোরেল প্রকল্পের উদ্যোগে নির্মিত ফিল্ড হাসপাতাল উদ্বোধনকালে মন্ত্রী এ মন্তব্য করেন।

ওবায়দুল কাদের বলেন, নতুন নতুন সংকট শুরু হয় এ প্রকল্পে, সমাধানের জন্যও পথ খোঁজা হয়। করোনাভাইরাস সবকিছু উলট-পালট করে দিয়েছে।

তিনি বলেন, এই মহামারীতে মেট্রোরেলের সঙ্গে সংশ্লিষ্টদের স্বাস্থ্য সুরক্ষায় হাসপাতাল নির্মাণসহ নানা উদ্যোগ নেয়া হয়েছে। প্রকল্পে অধিকাংশ জাপান ও থাইল্যান্ডের প্রকৌশলী পরামর্শকরাই কাজ করছেন।

সেতুমন্ত্রী বলেন, সরকার ২০৩০ সালের মধ্যে ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসন এবং গণপরিবহনের সক্ষমতা বাড়াতে ৬টি মেট্রোরেল রুট নির্মাণের পরিকল্পনা নিয়ে এগিয়ে যাচ্ছে। এর আওতায় নির্মাণ করা হবে ১ শ’ ২৮ কিলোমিটার রুট, যার ৬৭ কিলোমিটার হবে উড়াল পথে এবং ৬১ কিলোমিটার হবে পাতাল পথে।

তিনি বলেন, সংশ্লিষ্টদের করোনা শনাক্ত হলে কিংবা উপসর্গ থাকলে প্রকল্প এলাকায়ই কোয়ারেন্টিনে রাখা হচ্ছে। পাশাপাশি করোনাকালে সংশ্লিষ্ট কর্মীদের প্রকল্প এলাকায় আবাসনের ব্যবস্থা করা হয়েছে। করোনা দীর্ঘায়িত হতে পারে এমন বিবেচনায় মেট্রোরেল কর্তৃপক্ষ কর্মীদের জন্য দুটি ফিল্ড হাসপাতাল নির্মাণ করেছে।

উত্তরার পঞ্চবটী কনস্ট্রাকশন ইয়ার্ডে ১৪ শয্যাবিশিষ্ট এবং গাবতলীর কনস্ট্রাকশন ইয়ার্ডে ১০ শয্যার হাসপাতাল নির্মাণ করা হয়েছে। আইসিইউ সুবিধাসহ সব সুবিধাই রাখা হয়েছে। দেশে কোনো উন্নয়ন প্রকল্পের জন্য হাসপাতাল নির্মাণের নজির এই প্রথম।

প্রকল্পের জনশক্তিকে স্বাস্থ্যবিধি মেনে কাজ করার আহ্বান জানিয়ে ওবায়দুল কাদের বলেন, করোনায় আক্রান্ত হলে নিজেদের জন্য চিকিৎসা ব্যবস্থা গড়ে তোলার অংশ হিসেবে ফিল্ড হাসপাতাল দুটি নির্মাণ করা হয়েছে। প্রকল্পে যারা কাজ করছেন এতে তাদের মনোবল বৃদ্ধি পাবে এবং কাজের গতিও বাড়বে।

এ সময় অনলাইনে যুক্ত ছিলেন সড়ক ও মহাসড়ক বিভাগের সচিব মো. নজরুল ইসলাম, ডিএমটিসিএলের ব্যবস্থাপনা পরিচালক এম এ এন ছিদ্দিক ও প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

সূত্র- যুগান্তর

এইচএসসি ও সমমান পরীক্ষার বিষয়ে সিদ্ধান্ত বৃহস্পতিবার

এইচএসসি ও সমমান পরীক্ষা আয়োজনের প্রস্তুতি সম্পন্ন হলেও স্বাস্থ্যবিধি মেনে কবে এ পরীক্ষা আয়োজন করা যায় তা এখনও চূড়ান্ত হয়নি। সে বিষয়ে সিদ্ধান্ত নিতে আগামী বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) অনলাইন বৈঠকে বসবে আন্তঃশিক্ষা সমন্বয়ক বোর্ড। সভায় উপস্থিত থাকবেন সব শিক্ষাবোর্ডের চেয়ারম্যান।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) ঢাকা বোর্ড থেকে এ তথ্য জানানো হয়। আন্তঃশিক্ষা সমন্বয়ক বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক এস এম আমিরুল ইসলাম বলেন, করোনা পরিস্থিতির মধ্যে স্বাস্থ্যবিধি অনুসরণ করে পরীক্ষা আয়োজনের সব প্রস্তুতি সম্পন্ন করেছি। শিক্ষা মন্ত্রণালয় নির্দেশনা দিলে পরীক্ষা গ্রহণ শুরু করবো। পরীক্ষা সংক্রান্ত সিদ্ধান্ত নিতে ২৪ সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সব শিক্ষাবোর্ডের সঙ্গে আলোচনার পর একটি প্রস্তাব তৈরি করবো।

মাদরাসা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক কায়সার আহমেদ জানান, এইচএসসি পরীক্ষা সংক্রান্ত বিষয়ে ২৪ সেপ্টেম্বর আন্তঃশিক্ষা সমন্বয়ক বোর্ডের সভা ডাকা হয়েছে। পরীক্ষা কবে ও কীভাবে নেয়া যায় সে বিষয়ে সিদ্ধান্ত হবে।

জানা গেছে, করোনা পরিস্থিতিতে এইচএসসি পরীক্ষা সম্পর্কিত সিদ্ধান্ত মূলত প্রধানমন্ত্রী শেখ হাসিনার পরামর্শ, করোনা বিষয়ক জাতীয় কারিগরি পরামর্শক কমিটির সুপারিশ ও শিক্ষা মন্ত্রণালয়ের ওপর নির্ভর করছে।

প্রসঙ্গত, গত ১ এপ্রিল থেকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরুর কথা ছিল। করোনা মহামারির কারণে তা অনির্দিষ্টকালের জন্য পিছিয়ে যায়। গত ২২ মার্চ থেকে সব শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ঘোষণা করা হয় যা আগামী ৩ অক্টোবর পর্যন্ত বাড়ানো হয়েছে।

সূত্র- বিডি-প্রতিদিন

জাহালমের ক্ষতিপূরণের রায় ২৯ সেপ্টেম্বর

ভুল আসামি পাটকল শ্রমিক জাহালমকে আসামি করে ঋণ জালিয়াতির ২৬ মামলায় জড়ানো নিয়ে ক্ষতিপূরণ বিষয়ক রুলের ওপর রায় ঘোষণা করা হবে আগামী মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর)।

বুধবার প্রকাশিত কার্য তালিকায় মামলাটি বিচারপতি এফ আর এম নাজমুল আহাসান ও বিচারপতি কে এম কামরুল কাদেরের হাইকোর্ট বেঞ্চের ২৯ সেপ্টেম্বরের কার্য তালিকায় রায়ের জন্য ১ নম্বর ক্রমিকে রাখা হয়েছে।

এই মামলাসহ ৫টি মামলার রায়ের জন্য বেঞ্চটি গঠন করা হয়। ২৯ সেপ্টেম্বর থেকে ১ অক্টোবর পর্যন্ত বেঞ্চটি বসবেন।

দুদকের আইনজীবী খুরশীদ আলম খান বলেন, আজকে কজলিস্ট দেখলাম। মামলাটি রায়ের জন্য ২৯ সেপ্টেম্বর এক নম্বর আইটেম হিসেবে রাখা হয়েছে।

গত ১২ ফেব্রুয়ারি রুলের ওপর শুনানি শেষে মামলাটি সিএভি রাখা হয়েছিল। অর্থাৎ যে কোনো দিন রায় ঘোষণার জন্য রাখা হয়।

শুনানিতে দুদকের পক্ষে ছিলেন আইনজীবী খুরশীদ আলম খান।

খোঁজ নিয়ে জানা যায়, আবু সালেকের বিরুদ্ধে সোনালী ব্যাংকের প্রায় সাড়ে ১৮ কোটি টাকা জালিয়াতির ৩৩টি মামলা হয়েছে। কিন্তু আবু সালেকের বদলে জেল খাটছেন, আদালতে হাজিরা দিয়ে চলেছেন এই জাহালম। তিনি পেশায় পাটকল শ্রমিক।

সূত্র- বিডি প্রতিদিন

প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত মুম্বাই

প্রবল বৃষ্টিতে বিপর্যস্ত ভারতের মুম্বাই। শহরের বিভিন্ন জায়গায় যেমন পানি জমেছে, তেমনি পানি উঠেছে রেললাইনের ওপরেও।

তুমুল বৃষ্টিতে পানির নিচে রাস্তা, বাতিল একাধিক ট্রেন, বাস ও রেল পরিষেবা ইতিমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে৷

আবহাওয়া অফিস আগেই জানানো হয়েছিল যে বুধবার মুম্বাইতে ভারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে৷

বহু জায়গায় মানুষ আটকে গেছে৷ পুলিশ স্থানীয় মানুষের সাহায্যে তাদের উদ্ধার করেছেন এবং সুরক্ষিত জায়গায় পৌঁছে দিয়েছেন৷ অতিভারি এই বৃষ্টির জেরে ট্রেন পরিষেবাও ব্যাহত হয়েছে৷

বাস ও রেল পরিষেবা ইতিমধ্যেই বন্ধ করে দেওয়া হয়েছে৷মঙ্গলবার মাঝরাত থেকে প্রবল বৃষ্টি শুরু হয়। পানি জমে যাওয়ায় সেন্ট্রাল রেলওয়ে একাধিক ট্রেন বাতিল করে দিয়েছে এবং বেশ কিছু ট্রেনের রুট বদল করে দেওয়া হয়েছে৷

অন্যদিকে দিল্লিতেও এদিন হালকা বৃষ্টি শুরু হয়েছে৷ এর জেরে মঙ্গলবারের প্রচণ্ড অস্বস্তিকর গরম থেকে কিছুটা স্বস্তি মিলেছে৷ দিল্লিতে গত ১৩ দিনে বৃষ্টি হয়নি। ৮ সেপ্টেম্বর সফদরগঞ্জে শেষ বৃষ্টি হয়েছিল৷ চলতি মাসে দিল্লিতে কেবল ৩ দিন বৃষ্টি হয়েছে৷

বৃষ্টি না হওয়ায় আর্দ্রতা ও গরমে নাজেহাল অবস্থা হচ্ছিল সাধারণ মানুষের৷ সেপ্টেম্বরে ৮০ শতাংশ কম বৃষ্টি হয়েছে ভারতের রাজধানীতে৷

সূত্র- বিডি প্রতিদিন

৫ বছরে বিদেশ সফরে ৫১৭ কোটি ব্যয় করেছেন মোদি

২০১৫ সাল থেকে বিশ্বের ৫৮টি দেশ সফর করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মোদির এই বিদেশ সফরের পেছনে সরকারের খরচ হয়েছে ৫১৭ কোটি টাকা।

মঙ্গলবার রাজ্যসভায় প্রধানমন্ত্রীর বিদেশ সফর বাবদ খরচের বিষয়টি লিখিত ভাবে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র প্রতিমন্ত্রী ভি মুরলীধরণ।

তিনি জানান, ২০১৫ সালের পর মার্কিন যুক্তরাষ্ট্র ও রাশিয়ায় ৫ বার গিয়েছেন নরেন্দ্র মোদি। এছাড়াও গিয়েছেন চীন, সিঙ্গাপুর, জার্মানি, ফ্রান্স, সংযুক্ত আরব আমিরাতের মতো মোট ৫৮টি দেশে। ওইসব সফরের জন্য মোট খরচ হয়েছে ৫১৭.৮২ কোটি টাকা।

গত নভেম্বরে শেষবার বিদেশ সফর করেছেন মোদি। ব্রিক্সের সম্মেলনে যোগ দিতে গিয়েছিলেন ব্রাজিল। ওই মাসের প্রথম দিকে গিয়েছিলেন থাইল্যান্ড। তারপর বিশ্বে করোনা মহামারী বিস্তার করলে আর বাইরে যেতে পারেননি তিনি।

এদিকে ২০১৮ সালে জানানো জানিয়েছিল, ২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রীর বিদেশ সফরের জন্য খরচ হয়েছে ২০০০ কোটি টাকা। ওই খরচের মধ্যে রয়েছে বিমান ভাড়া করার খরচ, বিমানের রক্ষণাবেক্ষণের খরচ ও হোটেলের খরচ।

সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী ভি কে সিংয়ের দেওয়া তথ্য অনুযায়ী, মোদির বিমানের রক্ষণাবেক্ষণের জন্য খরচ হয়েছে ১,৫৮৩ কোটি টাকা,

বিমান ভাড়া করার জন্য খরচ ৪২৯.২৫ কোটি। এই খরচ ২০১৪ সালের ১৫ জুন থেকে ২০১৮ সালের ৩ ডিসেম্বর পর্যন্ত। ওই সময়ে হোটেল খরচ হয়েছে ৯.১১ কোটি টাকা।

সূত্র- বিডি-প্রতিদিন

যে কারণে কার্তিকের নেতৃত্বে কেড়ে মর্গ্যানকে দায়িত্ব দেবে কেকেআর

বুধবার (২৩ সেপ্টেম্বর) রোহিত শর্মার মুম্বাই ইন্ডিয়ান্সের বিরুদ্ধে প্রথম ম্যাচ খেলবে কলকাতা নাইট রাইডার্স। গত শনিবার চেন্নাই সুপার কিংসের বিরুদ্ধে ম্যাচ হারলেও সংযুক্ত আরব আমিরাতের পরিবেশ পরিস্থিতি সম্পর্কে তুলনায় বেশি সম্যক ধারণা নিয়েই নাইট শিবিরের বিরুদ্ধে নামবে চারবারের আইপিএল চ্যাম্পিয়ন মুম্বাই।

তবে দলে ভারসাম্য থাকলেও দু’বারের চ্যাম্পিয়ন কেকেআরের অধিনায়ক দীনেশ কার্তিককে নিয়ে প্রশ্ন রয়েছে ক্রিকেট মহলে। বিশেষত গতবারের আইপিএলে দলের পারফরম্যান্সের পর। চলতি আইপিএলে শাহরুখ খানের দলের প্রথম ম্যাচের আগে ফের উঠলো সেই বিতর্কই। আর এই বিতর্কের আগুনে ঘি ঢাললেন ভারতের সাবেক ক্রিকেটার সুনীল গাভাস্কার।

এক সাক্ষাৎকারে তিনি বলেন, কলকাতা নাইট রাইডার্স এমন এক দল, যেখানে আগ্রাসী ও আকর্ষণীয় ব্যাটিং অর্ডার রয়েছে। তবে মিডল অর্ডারে ইয়ন মর্গ্যানের উপস্থিতি অন্য অভিজ্ঞতা দেবে দলকে। সে কিন্তু খুবই বিধ্বংসী হয়ে উঠতে পারে। দীনেশ কার্তিকের নেতৃত্বে প্রথম ৪-৫টা ম্যাচে যদি কেকেআর ভালো শুরু না করে, তবে ম্যানেজমেন্টের কাছে মর্গ্যান অধিনায়কের বদলি হতে পারেন।

প্রসঙ্গত, সীমিত ওভারের ক্রিকেটে এই মুহূর্তে অন্যতম বিধ্বংসী ব্যাটসম্যান ইংল্যান্ডের অধিনায়ক। এছাড়াও ১৫.৫ কোটিতে নাইট

শিবিরে আসা প্যাট কামিন্সকেও নিজেকে ‘প্রমাণ’ করতে হবে বলে মনে করছেন গাভাস্কার।

সাবেক ভারত অধিনায়ক বলেন, এই মুহূর্তে টি-টোয়েন্টির সেরা আন্দ্রে রাসেল রয়েছেন কেকেআর শিবিরে। আবার সবচেয়ে দামি ক্রিকেটার প্যাট কামিন্সও রয়েছেন। তবে অস্ট্রেলিয়া ও ইংল্যান্ডের সিরিজে কামিন্সের পারফরম্যান্স কিন্তু ভালো ছিল না। প্রসঙ্গত, টেস্টের র্যাংকিংয়ে বর্তমানে ১ নম্বরে রয়েছেন কামিন্স। তবে তিনি সব ম্যাচ খেলবেন কিনা, তা নিয়ে জল্পনা রয়েছেই।

মেহেরপুরে স্বাভাবিক হচ্ছে করোনা পরিস্থিতি

মেহেরপুরে স্বাভাবিক হচ্ছে করোনা পরিস্থিতি। করোনা পজিটিভ রোগীর সংখ্যা কমে আসছে। গত দশ দিনে ১৭৮টি প্রাপ্ত রিপোর্টের মধ্যে পজিটিভ হয়েছে মাত্র ২১টি। মেহেরপুরে এ পর্যন্ত করোনা পজিটিভ রোগীর সংখ্যা ৫৯৯জন। এদের মধ্যে মৃত্যু বরণ করেছে ১৫ জন। সুস্থ্য হয়ে বাড়ি ফিরেছেন ৫০৫ জন এবং অন্যত্র রেফার্ড হয়েছেন ৪৬ জন। বর্মমানে চিকিংসাধীন আছে ২৮ জন। এদের মধ্যে মেহেরপুর সদরে ৯ জন, গাংনীতে ১২জন ও মুজিবনগরে ৭ জন।

করোনা পরিস্থিতি স্বাভাবিক হওয়ার সাথে সাথে স্বাভাবিক হচ্ছে জীবনযাত্রা। শিক্ষা প্রতিষ্ঠান ব্যতিত সকল সরকারি বেসরকারি প্রতিষ্টানে কাজের গতি ফিরেছে। তবে ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে রাত ৮টার মধ্যে বন্ধ করার নির্দেশ দিয়েছে জেলা প্রশাসন। সেই সাথে প্রতিটি সরকারি বেসরকারি প্রতিষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশ দেওয়া হয়েছে। পাশা পাশি করোনার দ্বিতীয় ধাক্কা সামলানোর সকল প্রস্তুতি গ্রহন করছে জেলা স্বাস্থ্য বিভাগ ও জেলা প্রশাসন।

জেলা প্রশাসন ও জেলা স্বাস্থ্য বিভাগ জেলা পুলিশ প্রশাসনের জোর তদারকি থাকছে করোনা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখতে। স্বাস্থ্যবিধি মানাতে জেলা প্রশাসনের অভিযান, বিভিন্ন গনপরিবহন ও সড়কে সাধারণ

জনগনের মাঝে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত মাঠে থাকছে জেলা পুলিশ। তবে শহরের চাইতে গ্রাম অঞ্চলে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে তেমন কোন ভুমিকা নেই প্রাশসনের।

এছাড়াও বিভিন্ন এলাকা ঘুেও দেখা যায়, সাধারণ মানুষ প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চলার ব্যাপােও উদাসিন। বেশিরভাগ মানুষিই মুখে মাস্ক ব্যবহার করছে না। বিভিন্ন মার্কেটে ও ব্যবসা প্রতিষ্ঠানে ঢুকতে কিছুদিন আগেও জ¦র মেপে ও জীবানুমুক্তকরণ করে মাধ্যমে প্রবেশে বাধ্যবাধকতা থাকলেও বর্তমানে ঢিলেঢালা ভাব লক্ষ্য করা হচ্ছে।

আসন্ন শীতে করোনার দ্বিতীয় ওয়েভে শুরু হওয়ার আশঙ্খায় মাস্ক ব্যবহার নিশ্চিত করতে কঠোর হচ্ছে সরকার। গত ২১ সেপ্টেম্বর মন্ত্রিপরিষদ সচিব খন্দকার আনোয়ারুল ইসলাম এ বিষয়ে বলেন, করোনা পরিস্থতি নিয়ে মন্ত্রিপরিষদ সভায় আলোচনা হয়েছে। শীত প্রধান দেশে করোনার দ্বিতীয় দফায় সংক্রমন হচ্ছে। আমাদের দেশে নভেম্বরে সেকেন্ড ওয়েভ আসে কিনা প্রস্তত থাকতে হবে।

সে লক্ষ্যে মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ পুরোপুরি প্রস্তুত আছে দাবি করে সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন বলেন, করোনা সংক্রমনের শুরু থেকে এখন পর্যন্ত আমরা ধারাবাহিক ভাবে কাজ করে যাচ্ছি। দ্বিতীয় পর্যায়ে করোনা সংক্রমন যদি ঘটে আমরা সেজন্য প্রস্তুত আছি। আমরা আশা করি আগামী শনিবার থেকে আমরা মেহেরপুরেই করোনা সংক্রমন পরীক্ষা করতে পারবো। সেলক্ষে কাজ চলছে। আর যে কোন পরিস্থতিতেই করোনা নিয়ন্ত্রনের জন্য জেলা প্রশাসন, জেলা স্বাস্থ্য বিভাগ ও পুলিশ প্রশাসন সকল কর্মকান্ড অব্যাহত রেখেছে।

গাংনীতে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়নে চিকিৎসা সহায়তা

প্রদান

মেহেরপুরের গাংনীতে ব্র্যাকের সামাজিক ক্ষমতায়ন কর্মসূচির আওতায় অসুস্থ অসচ্ছল এক মহিলাকে চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে।

মঙ্গলবার সকালে গাংনীর মালশাদাহ অফিসে আনুষ্ঠানিক ভাবে আড়পাড়া গ্রামের শিরিনা খাতুন নামের এক মহিলাকে এ সহায়তা প্রদান করা হয়।

এ সময় ব্র্যাকের জেলা ব্যবস্থাপক মোঃ ফজলুল হক, এলাকা ব্যবস্থাপক নজরুল ইসলাম, এফও (সিইপি) বাবলু কুমার শীল উপস্থিত ছিলেন।

সকলে মিলে কাজ করলে গাংনী হবে মডেল পৌরসভা

গাংনী মাইক্রোবাস চালক সমিতির শ্রমিকদের সাথে শুভেচ্ছা ও মত বিনিময়কালে গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, শ্রমিকদের দুঃখ দেখলে আমার প্রাণ কাঁদে। আমিও একজন শ্রমিক। যখন যেখানে শ্রমিক ভাইদের বিপদের কথা শুনতে পাই তখনই তাদের পাশে দাঁড়াবার চেষ্টা করি। সকলে মিলে কাজ করলে গাংনী হবে বাংলাদেশের মডেল পৌরসভা।

এ পৌরসভাকে তিলোত্তমা পৌরসভা হিসেবে গোড়ে তোলার প্রতিশ্রুতি দিয়ে নির্বাচিত হয়েছিলাম। সামনে আর অল্প সময় হাতে আছে। গাংনী পৌরসভাকে তিলোত্তমা পৌরসভা করতে যা করণীয় তা চলমান রয়েছে। আবারও সামনে পৌর নির্বাচনের কথা ভাবছেন নির্বাচন কমিশন। আমি কতটুকু কাজ করেছি তা জনগণই বিচার বিশ্লেষণ করবেন। গাংনী পৌরসভার পানি নিষ্কাশন ব্যবস্থা করা হয়েছে। ওয়াটারপ্লান্ট স্থাপনের জন্য ৫৫ কোটি টাকার কাজ কিছুদিনের মধ্যেই শুরু হবে। স্থান নির্বাচন ও কাজের অর্ডার হয়েছে।

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ব্যক্তিগত তহবিল থেকে ২৫ কোটি টাকার বরাদ্দ পাওয়া গেছে। সে টাকার কাজ শুরুর পরিকল্পনা

করা হবে। গাংনীতে একটি বঙ্গবন্ধু সুপার মার্কেট নির্মাণ করা হবে। সুপার মার্কেটের দ্বিতীয় তলায় আমার শ্রমিক ভাইদের জন্য একটি অফিস বরাদ্দ দেয়া হবে। গাংনীর বিভিন্ন সড়ক উন্নয়ন করা হয়েছে। অনেক সড়ক দখলবাজদের কাছ থেকে দখল মুক্ত করে এইচবিবি করার কাজ চলমান রয়েছে।

তিনি বলেন, গাংনী পৌরসভার পুরো এলাকা সড়ক বাতি স্থাপন করা হয়েছে যা আর কেউ করেননি। করোনা পরিস্থিতিতে গাংনীর অনেক বিত্তবান মানুষ গর্তে ঢুকে পড়েছিল। গর্ত থেকে মুখ বের করে শুধু দেখেছেন শ্রমিক ভাইদের সহযোগীতা করেননি। আমি প্রতিটি শ্রমিক ভাইদের বাড়ি বাড়ি রাতের আধারে খাবার সরবরাহ করেছি। অনেকেই বিত্তবান ছিলেন তারা দুটি করে আলু কিনে সহায়তা করতে পারেননি বরং এলাকা ছাড়া হয়ে পালিয়ে ছিলেন। এখন তারা বড় গলায় কথা বলে প্রতিশ্রুতির ফুলঝুরি ছড়াচ্ছেন। জনগণ আপনাদের চিহ্নিত করে রেখেছে। মঙ্গলবার বিকেলে গাংনী মাইক্রোবাস চালক সমিতি শুভেচ্ছা ও মত বিনিময় সভার আয়োজন করে।

মাইক্রোবাস চালক সমিতির সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন পৌর মেয়র আশরাফুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মটর শ্রমিক ইউনিয়নের গাংনী উপজেলা শাখার সভাপতি জমির উদ্দিন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রাশেদ।

মটর শ্রমিক ইউনিয়ন গাংনী উপজেলা শাখার কার্যকরি সভাপতি এনামুল হকের সঞ্চালনায় বক্তব্য রাখেন মাইক্রো বাস চালক সমিতির সাধারণ সম্পাদক রনি বিশ্বাস ও উস্তাদ আকালি হোসেন, সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রাশেদ। এসময় মাইক্রোবাস চালক সমিতির সকল সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন। এসময় শ্রমিকদের উন্নয়নের জন্য তাদের অফিস মেরামতের সকল দায়িত্বভার গ্রহণ করেন মেয়র আশরাফুল ইসলাম।

শেখ হাসিনা মানবতা দেখিয়ে

খালেদা জিয়াকে মুক্তি দিয়েছিল-কুষ্টিয়ায় এমপি হানিফ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা যে মানবতা দেখিয়ে বেগম খালেদা জিয়াকে নির্বাহী আদেশে মুক্তি দিয়েছিল তার জন্য বিএনপির কৃতজ্ঞতা প্রকাশ করা উচিত ছিল। কিন্তু সেটা না করে উল্টো সরকারের বিরুদ্ধে বিএনপি নেতাদের বিষেদাগার, নোংড়া রাজনীতির বহিঃ প্রকাশ।

মঙ্গলবার(২২ সেপ্টেম্বর) দুপুরে কুষ্টিয়া ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ব্যবস্থাপনা কমিটির সভায় যোগ দেয়ার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে হানিফ এসব কথা বলেন।

“বিএনপির শীর্ষ পর্যায়ের নেতারা বেগম খালেদা জিয়ার স্বাস্থ্য ও চিকিৎসা নিয়ে নোংরা রাজনীতি করছেন” মন্তব্য করে আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি বলেছেন, বেগম খালেদা জিয়া আইনী প্রক্রিয়ায় মুক্ত হয়নি, শেখ হাসিনার মানবিকতার কারণে তিনি মুক্তি পেয়েছেন। এরপরেও কোন লজ্জায় বিএনপি নেতারা সরকারকে দোষারোপ করে তা বোধগম্য নয়।

এ সময় কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. আসলাম হোসেন, জেলা আওয়ামী লীগের সভাপতি সদর উদ্দিন খান, সাধারণ সম্পাদক আজগর আলীসহ আওয়ামীলীগ ও অঙ্গ সংগঠনের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।